

# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 10 May, 2025

নোয়াখালীর সুবর্ণচরে পিকআপ ভ্যান চাপায় এক পথচারীর মৃত্যু হয়েছে। এ সময় নিহতের বড় ভাই গুরুত্বর আহত হয়।

শনিবার (১০ মে) বিকেলে উপজেলার সোনাপুর টু চেয়ারম্যানঘাট সড়কের আলামিন রাস্তার মাথা এলাকার ফুলজান নগরে এ দুর্ঘটনা ঘটে।

নিহত মো.আব্দুল খালেক (৬৫) উপজেলার চরওয়াপদা ইউনিয়নের ২নম্বর ওয়ার্ডের বাসিন্দা।

পুলিশ ও স্থানীয়রা জানায়, বিকেলে সাড়ের ৩টার দিকে উপজেলার সোনাপুর টু চেয়ারম্যানঘাট সড়কের আলামিন রাস্তার মাথা এলাকার ফুলজান নগরে আপন দুই ভাই রাস্তার পাশে কোদাল নিয়ে মাটির কাজ করছিল। কাজ শেষে তারা রাস্তায় পাশে উঠে। ওই সময় সোনাপুর থেকে আসা ফার্নিচার ভর্তি একটি বেপরোয়া গতির পিকআপ ভ্যান তাদের চাপা দেয়। এতে মোহাম্মদ আব্দুল খালেক (৬৫) ঘটনাস্থলে মারা যায়। তার আপন বড় ভাই মো.আব্দুল কুদ্দুস (৬৭) গুরুত্বর আহত হয়। পরে স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে ২৫০ শয্যা বিশিষ্ট নোয়াখালী জেনারেল হাসপাতাল নিয়ে যায়। সেখানে বর্তমানে তিনি চিকিৎসাধীন রয়েছেন।

চরজব্বার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন মিয়া বলেন, দুর্ঘটনার পর পিকআপ ভ্যানটি বিকল হয়ে যায়। খবর পেয়ে পুলিশ ভ্যানটি জব্দ করে থানায় নিয়ে আসে। নিহতের মরদেহ

পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। নিহতের পরিবারের অভিযোগের ভিত্তিতে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মৃত্যু পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 06:11

URL: <https://www.timestodaybd.com/chittagong/2268775807>